

জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ  
বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট  
সেক্টর - ৮, প্লট - ৫এ, উত্তরা মডেল টাউন, ঢাকা-১২৩০  
[bpi.gov.bd](http://bpi.gov.bd)

নং-২৮.০৪.০০০০.০০৩.১১.০০১.১৭-৪২০

তারিখ: ০১ অক্টোবর, ২০২০  
১৬ আশ্বিন, ১৪২৭নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট (বিপিআই) কর্তৃক নিম্নবর্ণিত পদসমূহে নিয়োগের লক্ষ্যে নিম্নলিখিত শর্তাদি পূরণ সাপেক্ষে প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে :

ক্র: নং	পদের নাম ও বেতন স্কেল (জা:বে: স্কেল ২০১৫ অনুযায়ী)	বয়স	পদের সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
১	২	৩	৪	৫
১।	বৈজ্ঞানিক কর্মকর্তা (এসও) (গ্রেড-৯) ২২,০০০- ৫৩,০৬০	৩০ বৎসর	৭ (সাত) টি	(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ভূ-তত্ত্ব, ভূ-পদার্থবিদ্যা, পেট্রোলিয়াম, মেকানিক্যাল, কেমিক্যাল, মাইনিং ইঞ্জিনিয়ারিং বা তৎসংশ্লিষ্ট অন্যান্য বিষয়ে পিএইচডি ডিগ্রী বা ভূ-তত্ত্ব বা ভূ-পদার্থবিদ্যায় অন্যান্য প্রথম শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রীসহ অন্যান্য দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতক (সম্মান) ডিগ্রী বা অন্যান্য দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রীসহ অন্যান্য প্রথম শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতক (সম্মান) অথবা পেট্রোলিয়াম, মেকানিক্যাল, কেমিক্যাল, মাইনিং ইঞ্জিনিয়ারিং এ অন্যান্য প্রথম শ্রেণি বা সমমানের সিজিপিএতে বিএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রী ; (খ) শিক্ষা জীবনের কোন স্তরে তৃতীয় বিভাগ বা শ্রেণি অথবা সমমানের সিজিপিএ গ্রহণযোগ্য হবে না।
২।	সহকারী পরিচালক (গ্রেড-৯) ২২,০০০-৫৩,০৬০	৩০ বৎসর	৪ (চার) টি	(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যান্য দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতক (সম্মান) সহ অন্যান্য দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রী; (খ) শিক্ষা জীবনের কোন স্তরে তৃতীয় বিভাগ বা শ্রেণি অথবা সমমানের সিজিপিএ গ্রহণযোগ্য হইবে না; এবং (গ) কম্পিউটার চালনায় অভিজ্ঞতা।

শর্তাবলী:-

- ১। নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান বিধি-বিধান এবং পরর্তীতে এ সংশ্লিষ্ট বিধি-বিধানে কোন সংশোধন হলে তা অনুসরণ করা হবে।
- ২। ২৫/০৩/২০২০ তারিখ আবেদনকারীর বয়সসীমা গণ্য হবে।
- ৩। সরকারি/আধা-সরকারি/ স্বায়ত্তশাসিত সংস্থায় চাকুরিরত প্রার্থীদেরকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে এবং মৌখিক পরীক্ষার সময় তা প্রদর্শন করতে হবে।
- ৪। কোটার ক্ষেত্রে সরকারের সকল ও সর্বশেষ বিধি-বিধান প্রযোজ্য হবে।

৫। প্রার্থী কর্তৃক প্রদত্ত কোন তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা ভুয়া প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে সংশ্লিষ্ট প্রার্থীর আবেদনের যে কোন পর্যায়ে বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। ভুল/জাল কাগজপত্র প্রদর্শিত হলে পরীক্ষায় উত্তীর্ণ যে কোন প্রার্থীর প্রার্থীতা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন;

৬। মৌখিক পরীক্ষার সময় নিম্নবর্ণিত কাগজপত্রের মূল কপি প্রদর্শণপূর্বক প্রতিটির একটি করে সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে ;

(ক) প্রার্থীর সকল শিক্ষাগত যোগ্যতার মূল সনদপত্র ;

(খ) প্রার্থী যে ইউনিয়ন/পৌরসভা বা ওয়ার্ডের বাসিন্দা সেই ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্বের সনদপত্র ;

(গ) জাতীয় পরিচয় পত্র/জন্মসনদ ;

(ঘ) Online-এ পূরণকৃত আবেদনপত্রের কপি (Applicant's Copy);

(জ) প্রযোজ্য ক্ষেত্রে অভিজ্ঞতার প্রমাণক (কম্পিউটার চালনা) এবং

(ঝ) Departmental Candidate -এর ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের লিখিত অনাপত্তি ছাড়পত্র।

৭। লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষার ক্ষেত্রে কোন টিএ /ডিএ প্রদান করা হবে না।

৮। এই নিয়োগ বিজ্ঞপ্তি সম্পর্কিত যে কোন সংশোধন, সংযোজন (যদি থাকে) এবং পরীক্ষা সংক্রান্ত যাবতীয় তথ্য [www.bpi.gov.bd](http://www.bpi.gov.bd) অথবা বিপিআই.বাংলা ওয়েব সাইটে পাওয়া যাবে।

৯। কোন কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগকারী কর্তৃপক্ষ এ নিয়োগ কার্যক্রমের আংশিক/ সম্পূর্ণ পরিবর্তন/ বাতিল/ পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধির ক্ষমতা সংরক্ষণ করে এবং এক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১০। শিক্ষাগত যোগ্যতার ক্ষেত্রে বিভাগ / শ্রেণি সহ সমতুল্য জিপিএ প্রাপ্ত প্রার্থীগণ আবেদন করতে পারবেন।

১১। নিয়োগের বিষয়ে কোন প্রকার সুপারিশ বা তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে গণ্য হবে।

১২। একজন আবেদনকারী শুধুমাত্র একটি পদের বিপরীতে আবেদন করতে পারবেন।

১৩। লিখিত ও মৌখিক পরীক্ষার নোটিশ প্রার্থীর মোবাইলে SMS এর মাধ্যমে ও এর BPI এর ওয়েবসাইট-এর মাধ্যমে জানানো হবে।

১৪। লিখিত/মৌখিক/ব্যবহারিক পরীক্ষার সময় মোবাইল ফোন বা অন্য কোন ইলেক্ট্রনিক ডিভাইস বহন করলে তাঁর প্রার্থীতা বাতিল করা হবে।

১৫। কোন প্রার্থী নিয়োগ লাভের পর তার প্রদত্ত কোন তথ্য মিথ্যা প্রমাণিত হলে নিয়োগ বাতিলসহ তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৬। অনলাইন আবেদনপত্র পূরণ সংক্রান্ত শর্তাবলী :

(ক) পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক প্রার্থীগণকে <http://bpi.teletalk.com.bd>-এ আবেদন পত্র পূরণ করতে হবে।

আবেদনের সময়সীমা নিম্নরূপ:

i Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদানের শুরুর তারিখ ও সময়: ১৫ অক্টোবর, ২০২০, সকাল ১০.০০ ঘটিকা

ii. Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদানের শেষ তারিখ: ১৬ নভেম্বর, ২০২০, বিকাল ০৫.০০ ঘটিকা

১৫

উক্ত সময়ের মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র জমাদানের সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে যে কোন টেলিটক হতে নাশ্বার এস এম এস এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

(খ) Online আবেদনপত্রে প্রার্থী তার স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ x প্রস্থ ৮০) pixel ও রঞ্জিন ছবি (দৈর্ঘ্য ৩০০x প্রস্থ ৩০০) pixel স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন।

(গ) Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শততাগ নিশ্চিত হবেন।

(ঘ) প্রার্থীর Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনের সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষার সময় ০১ কপি জমা দিবেন।

#### ১৭। SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান :

(ক) Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতো ছবি এবং স্বাক্ষর Upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's Copy পাওয়া যাবে। উক্ত Applicant's Copy প্রিন্ট অথবা Download করে সংরক্ষণ করতে হবে। Applicant's Copy তে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থীকে নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুটি) টি SMS করে পরীক্ষার ফি বাবদ ১ থেকে ২ নং ক্রমিকের জন্য আবেদন ফি বাবদ ৫০০/- টাকা ও টেলিটকের সার্ভিস চার্জ বাবদ ৬০/- টাকা = ৫৬০ (পাঁচশত ষাট) টাকা ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে জমা প্রদান করতে হবে। বিশেষভাবে উল্লেখ্য Online এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না।

১ম SMS : BPI<space> User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example BPI USER ABCD & send to 16222

২য় SMS : BPI<space><yes> <space> PIN লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Exempl BPI YES 123456 & send to 16222

(খ) প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি টেলিটক লিংক <http://bpi.teletalk.com.bd> অথবা বিপিআই এর ওয়েবসাইট [www.bpi.gov.bd](http://www.bpi.gov.bd) এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধু যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্র প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

(গ) SMS এর প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও ভেন্যুর নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র download পূর্বক প্রিন্ট (সম্ভব হলে রঞ্জিন) করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে ব্যবহারিক ও মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন।

৭

(ঘ) শুধু Teletalk prepaid Mobile ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID, Serial এবং PIN পুনরুদ্ধার করতে পারবেন।

i. User ID জানা থাকলে BPI<space>Help<space>User<space>User ID & Send to 16222.

Example: BPI Help User ABCDEF & send to 16222

ii. PIN Number জানা থাকলে : BPI<space>Help<space>PIN <space> Pin No & Send to 16222.


Example: BPI Help PIN 12345678 & send to 16222.

(ঙ) অনলাইনে আবেদন করতে কোন সমস্যা হলে টেলিটক নম্বর থেকে ১২১ নম্বরে কল করুন অথবা নিকটস্থ টেলিটক কাস্টমার কেয়ার এ বা বিপিআই এর ই-মেইল [training.bpi.gov.bd@gmail.com](mailto:training.bpi.gov.bd@gmail.com) এবং টেলিটকের ই-মেইলে [vas.query@teletalk.com.bd](mailto:vas.query@teletalk.com.bd) এ যোগাযোগ করুন।

(Mail এর subject-এ Organization Name: BPI ; Post Name: \*\*\*\*\*, Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে।)

(চ) উপরে উল্লেখ করা হয়নি এরূপ কোনো বিষয়ের উদ্ভব হলে সেক্ষেত্রে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত বিধি-বিধান প্রযোজ্য হবে।

১৮। নিয়োগপ্রাপ্ত প্রার্থীদের প্রয়োজনে ঢাকার বাহিরে চাকুরি করতে হবে।



( মাহবুবা ফারজানা )  
পরিচালক (প্রশাসন ও প্রশিক্ষণ)  
ফোন : ৪১০৯০০৩৫